



ইসলামিক ফাউন্ডেশন  
(প্রতিষ্ঠাতা : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান)  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়



www.islamicfoundation.gov.bd

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ১৬.০১.০০০০.০০৭.৩২.০০১.২১.৭

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭

০৭ মার্চ ২০২১

বিষয়: ঢাকা ওআইসি ইয়ুথ ক্যাপিটাল ২০২০ এর The Holy Quran Recitation আন্তর্জাতিক  
কিরাত প্রতিযোগিতায় অংশগ্রহণে উদ্বুদ্ধকরণ ও আগামী ২৩-০৩-২০২১ খ্রি. তারিখের মধ্যে  
রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার নিমিত্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ

উপর্যুক্ত বিষয়ে অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, বিগত ২৪ ফেব্রুয়ারী ২০২১ খ্রি. তারিখ বায়তুল মোকাররমস্থ  
ইসলামিক ফাউন্ডেশন মিলনায়তনে Dhaka OIC Youth Capital 2020 উদযাপন উপলক্ষে The Holy  
Quran Recitation আন্তর্জাতিক প্রতিযোগিতার উদ্বোধনী ও মিডিয়া ব্রিফিং অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। অনুষ্ঠানে  
মাননীয় ধর্ম প্রতিমন্ত্রী জনাব মোঃ ফরিদুল হক খান এমপি প্রতিযোগিতার রেজিস্ট্রেশন কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা  
করেন। প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বর্তমানে রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। সারা বিশ্বে ৬টি অঞ্চলে ভাগ  
করে প্রথমে আঞ্চলিক পর্যায়ে প্রতিযোগিতাটি সম্পন্ন হওয়ার পর ফাইনাল রাউন্ড সম্পন্ন হবে। স্বাগতিক দেশ হিসেবে  
বাংলাদেশ স্বতন্ত্র একটি অঞ্চল।

২। এমতান্বয়, The Holy Quran Recitation আন্তর্জাতিক কিরাত প্রতিযোগিতার বাংলাদেশ অঞ্চলের  
আয়োজনটি ব্যাপক অংশগ্রহণমূলক এবং সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য তাঁর বিশ্ববিদ্যালয়ের আওতায় সকল  
মান্দ্রাসার ১৮-৩৫ বছর বয়সী যুবকদের আসন্ন কিরাত প্রতিযোগিতায় অংশগ্রহণে উদ্বুদ্ধকরণ ও আগামী ২৩-০৩-২০২১ খ্রি.  
তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার নিমিত্ত প্রয়োজনীয় সহযোগিতা করার প্রদানের জন্য বিশেষভাবে  
অনুরোধ করা হলো।

৩। প্রতিযোগিতার প্রয়োজনীয় নিয়মাবলী সম্বলিত ১ কপি ব্রুশিয়ার এতদসাথে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ব্রুশিয়ার ১ কপি।

৭-৩-২০২১

মোঃ আনিছুর রহমান সরকার  
পরিচালক (চলতি দায়িত্ব)

স্বাক্ষর  
সরকারী স্মারক-১-আনিছুর  
বঙ্গবন্ধু বাবায়, ঢাকা,

স্মারক নম্বর: ১৬.০১.০০০০.০০৭.৩২.০০১.২১.৭/১(৩)

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭

০৭ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব (সংস্থা ও আইন), সংস্থা ও আইন অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
- ৩) মহাপরিচালকের একান্ত সচিব-২, মহাপরিচালকের দপ্তর, ইসলামিক ফাউন্ডেশন